



জুনের শুরুতেই দেশে ফিরতে পারেন মির্জা আব্বাস



ছবি: সংগৃহীত

মালয়েশিয়ায় চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা মির্জা আব্বাসের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে বলে জানিয়েছেন তার স্ত্রী আফরোজা আব্বাস। তিনি আশা প্রকাশ করেন, সবকিছু স্বাভাবিক থাকলে জুনের প্রথম সপ্তাহেই দেশে ফিরতে পারেন এই বিএনপি নেতা। শনিবার (১৬ মে) কুয়ালালামপুরের প্রিন্সকোর্ট মেডিকেল সেন্টারে চিকিৎসাধীন মির্জা আব্বাসের সর্বশেষ শারীরিক অবস্থার বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন আফরোজা আব্বাস। তিনি জানান, চিকিৎসকদের পর্যবেক্ষণ অনুযায়ী মির্জা আব্বাস এখন আগের চেয়ে অনেকটাই স্থিতিশীল রয়েছেন। বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার পর তাকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে এবং চিকিৎসকদের তত্ত্বাবধানে ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন তিনি। আফরোজা আব্বাস আরও বলেন, চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী তাকে পূর্ণ বিশ্রাম ও পুনর্বাসন চিকিৎসার মধ্যে রাখা হয়েছে। প্রতিদিন তার শারীরিক অগ্রগতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। চিকিৎসকের পরামর্শে তিনি প্রতিদিন কিছু সময় হুইলচেয়ারে করে হাসপাতালের নিচে চলাফেরাও করছেন। এ সময় মালয়েশিয়ায় অবস্থানরত যুবদল, স্বেচ্ছাসেবক দল ও জাসাসের বিভিন্ন নেতাকর্মী এবং প্রবাসী সাংবাদিকরা উপস্থিত ছিলেন। মির্জা আব্বাসের পরিবারের সদস্য ও দলীয় নেতাকর্মীরা তার দ্রুত সুস্থতার জন্য দেশবাসীর কাছে দোয়া কামনা করেন।